

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩২৫

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

اَلْفَصْلُ التَّنِفْ (بَابِ الرِّيَاء والسمعة)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿إِنَّ لِكُلِّ شَيْءٍ شِرَّةٌ وَلِكُلِّ شَيْءٍ شِرَّةٌ وَلِكُلِّ شَيْءٍ شِرَّةٌ وَلِكُلِّ شَيْءٍ شَرَّةٌ فَإِنْ مَنَاحِبُهَا سَدَّدَ وَقَارَبَ فَارْجُوهُ وَإِنْ أُشِيرَ إِلَيْهِ بِالْأَصَابِعِ فَلَا تعدوه» . رَوَاهُ التِّرْمِذِي

حسن ، رواه الترمذى (2452 وقال : حسن صحيح غريب) - (صَحِيح)

বাংলা

৫৩২৫-[১২] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: প্রতিটি কাজের মধ্যে একটা স্পৃহা থাকে। আমার প্রতি চেতনায় দুর্বলতাও রয়েছে। অতএব যদি সংশ্লিষ্ট ব্যক্তি তার কাজের মধ্যে মধ্যমপন্থা অবলম্বন করে এবং (সীমালজ্বন বা হ্রাস না করে) মধ্যমপন্থার কাছাকাছি থেকে কাজ করে, তবে তোমরা তার সম্পর্কে আকাক্ষিত হতে পার। আর যদি তার প্রতি অঙ্গুলি দ্বারা ইঙ্গিত করা হয় তবে তোমরা তাকে হিসেবে ধরো না। (তিরমিয়ী)

ফুটনোট

হাসান: তিরমিয়ী ২৪৫৩, সহীহুল জামি ২১৫১।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (إِنَّ لِكُلِّ شَيْءٍ شِرَّةٌ) নিশ্চয় প্রত্যেক কাজের প্রতি একটি লোভ, আগ্রহ ও কর্মতৎপরতা রয়েছে।



(وَلِكُلِّ شِرَّةٍ فَتُرَةً) আর প্রত্যেক কর্মতৎপরতার পিছনে দুর্বলতা রয়েছে। অর্থাৎ কোন বান্দা যদি "ইবাদত করার প্রতি সাধ্যাতিরিক্ত মনোনিবেশ করে তাহলে এক পর্যায়ে এসে সে দুর্বল হয়ে পড়বে ও তার কাজে শিথিলতা দেখা দিবে।

(إِنْ صَاحِبُهَا سَدَّدَ وَقَارَبَ فَارْجُوهُ) यि कन्णात्व প্রতি উদ্যোক্তা মধ্যপন্থা অবলম্বন করে এবং তার কাজকে বন্ধ না করে সাধারণভাবে চালিয়ে যায় তাহলে তার ব্যাপারে সফলতার আশা প্রকাশ কর।

(وَإِنْ أَشِيرَ إِلَيْهِ بِالْأَصَابِعِ فَلَا تعدوه) আর যদি সে প্রসিদ্ধতা অর্জনের জন্য অতিরিক্ত 'আমালের প্রতি মনোনিবেশ করে তাহলে তাকে কোন সৎ ও একনিষ্ঠ বান্দাদের অন্তর্ভুক্ত মনে করো না। কেননা সে লোক দেখানোর জন্য তার সমস্ত সময়কে 'ইবাদতে কাটিয়েছে। (তুহফাতুল আহওয়াযী ৬/২৪৫৩, মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন